RP - Sanjiv Goenka Group
Growing Legacies

PCBL

27th October, 2022

The Manager,
Listing Department,
National Stock Exchange of India Ltd,
Exchange Plaza,
Plot No. – C – 1, G Block,
Bandra – Kurla Complex,
Bandra (East),
Mumbai – 400051

The General Manager,
Department of Corporate Services,
BSE Ltd.,
1st Floor, New Trading Ring,
Rotunda Building,
P.J. Towers,
Dalal Street, Fort,
Mumbai – 400001

NSE Code:- PCBL

BSE Code:- 506590

Dear Sir,

Sub:- Publication of the Extract of Unaudited Standalone and Consolidated Financial Results for the quarter and half year ended 30th September, 2022 in newspapers

Further to our letter dated 26th October, 2022, please find enclosed herewith a copy of the newspaper publication of the Extract of Unaudited Standalone and Consolidated Financial Results for the quarter and half year ended 30th September, 2022 published today, i.e. Thursday, 27th October, 2022 in English in Business Standard and in Bengali in Aajkal (Kolkata) edition.

You are requested to take the afore-mentioned information in record and oblige.

Thanking you,

Yours faithfully,
For **PCBL LIMITED**

KAUSHIK MUKHERJEE
Digitally signed by KAUSHIK MUKHERJEE
Date: 2022.10.27 12:49:01 +05'30'

K. Mukherjee
Company Secretary and Chief Legal Officer | Executive Director

Enclo: As above

Andhra's emerging hub of no-confidence

An avoidable political dispute over the state's capital city has shaken the global investment community

SUBHOMOY BHATTACHARJEE
New Delhi, 26 October

IFFIGA/ WIKIMEDIA COMMONS

The dispute over whether Andhra Pradesh will have three capital cities, a first for any state in India, or a conventional single-city-based headquarters at Amaravati refuses to abate. In 2020, the Andhra Legislative Assembly passed a Bill that gives shape to the government's plans to have three capitals — an executive capital at Visakhapatnam, a legislative capital at Amravati, a new city for which land was acquired from farmers, and a judicial capital in Kurnool. But just last week, the state's ruling party, the YSR Congress, led by Chief Minister Jagan Mohan Reddy, held a rally in Visakhapatnam to drum up support for the three-capital formula. In another part of the city was a competing rally, supported by the Bharatiya Janata Party state unit, of those in favour of the single-city plan.

The Supreme Court is, meanwhile, due to hear a Special Leave Petition (SLP) filed by the state government against a decision of the Andhra Pradesh High Court (a full Bench headed by Chief Justice Prashant Kumar Mishra) in March this year, asking the state to get on with the original plan, proposed under the Telugu Desam Party regime of Chandrababu Naidu, to develop Amaravati as the state capital. The three-capital plan proposed by the YSR Congress implies a significant shrinkage of the Amaravati project.

The issue is larger than just a political dispute, since the project for a new capital was to cost over ₹1 trillion with funding from the World Bank, the Asian Infrastructure Investment Bank and, most significantly, a Singapore-based consortium that included Ascendas-Singbridge (now part of CapitaLand Group) and Sembcorp Development, which is backed by the island nation's government. The three capital plan was a strategy to buy peace with aggrieved parties. But the plan is a potentially crippling public finance misadventure. The state has a massive borrowing need. From April to the first week of October, Andhra Pradesh's borrowings are a third more than last year's level. On the current trend of mismatch of revenue and spending, Comptroller and Auditor General of India data estimates the state will need to borrow over 6 per cent of its state domestic product till 2027, when neighbour Madhya Pradesh will need only 3.9 per cent.

The dispute owes its origin to the way the two states were split in 2014, with Telangana surrounding the districts around Hyderabad and Andhra Pradesh comprising the coastal districts. Political parties in the latter were united in their view that they will need a new capital instead of Hyderabad, since the city was designated as their interim capital for only 10 years.

Chandrababu Naidu decided to set up the new capital for the state at Amaravati, close to an older city, besides the Krishna River and began a large-scale development plan around it. In 2017, his government and the Singapore consortium established a multi-layered partnership structure for the development of Amaravati Capital City Start-Up Area Project. The core of the project, a new city, was to be 6.84 sq km of land. It was ambitious by Indian yardsticks of city-building. Gujarat's Gandhinagar or Naya Raipur in Chhattisgarh were built adjacent to the older capital. Naidu was planning to build one, further out. The nearest city Vijayawada was 10 km away. The project was inaugurated by Prime Minister Narendra Modi in October 2015.

To finance the project despite the multilateral support, a city development agency was incorporated as a public-private partnership to develop and market the available land in the start-up area for offices and other commercial activities. The Singapore consortium held a 58 per cent stake in the agency. As the agency began to buy land from farmers, a series of litigation hit the project, but those too were eventually settled. Then in 2018, Naidu walked out of the National Democratic Alliance, lost the Assembly elections and the new government led by Jagan Reddy came in promising, among other things, to scrap the project totally.

To finance the project despite the multilateral support, a city development agency was incorporated as a public-private partnership to develop and market the available land in the start-up area for offices and other commercial activities

"Scrapping Amravati (as the sole capital) was not a positive move for overseas investor confidence in India. If local government changes lead to scrapping of advanced projects, then it shakes investor confidence. Particularly if it is a large-scale project like Amaravati," said Amitendu Palit, senior research fellow and research lead (trade and economics) at the Institute of South Asian Studies, National University of Singapore.

Within four months of the YSR Congress government assuming power in May 2019, the World Bank and Asian Infrastructure Investment Bank withdrew from the project. The bank released a statement noting that it took the decision based on a government of India request to stop the financing for the Amaravati Sustainable Infrastructure and Institutional Development Project.

In another few months, the state government terminated the commercial segment of the project, too. The state's municipal administration department issued orders authorising the Capital Region Development Authority commissioner to wind up the company, Amaravati Development Partners, as a voluntary liquidation on a mutual consent basis. By New Year 2020, the state cabinet authorised the repeal of the mother act. But thereafter, progress in burying the project has stalled.

Instead of tabling the repeal Bill in the legislature, Jagan Reddy withdrew it. The state government contends in its SLP in the Supreme Court that after the withdrawal there is no need for the judiciary to examine the issue. The orders by the state high court are also not relevant since it was based on a challenge to the cabinet decision to repeal the Act. Meanwhile, some of those affected by the decision to scrap Amaravati have mounted an agitation to which the ruling party has responded with its own rallies like the one in Visakhapatnam last week. Naidu's model was unique, a profit-sharing model where the farmers lease the land for development of the capital. They were promised long-term attractive rates of return as part of the deal.

So now, eight years since it was formed as a separate state, Andhra Pradesh still doesn't have a capital to speak of, is close to a debt trap, and new political fractures are emerging. As Palit remarked, it is not the right picture for an investment destination.

Amaravati's fate is similar to that of several mega industrial-commercial projects in India tied to land acquisition, which often take down political careers. Singur and Nandigram in West Bengal were the most prominent of those in the first decade, those of myriad Special Economic Zones in other states following close behind. The West Coast refinery project in Maharashtra, jointly promoted by three state-owned oil companies with possible investment from Saudi Aramco and UAE's Adnoc, is still out in the cold and so is a 13.2-million tonne per annum steel plant in Odisha, promoted by JSW Utkal Steel. These projects initially attracted local objections from potential local land losers, controversies that evolved into political dog fights, scaring off investors from greenfield projects.

CAPITAL CONFUSION

October 2015: Foundation of Amaravati city by Prime Minister Narendra Modi

February 2016: Notification of detailed master plan for Amaravati city of 217.23 sq km, spread across 25 villages

August 2017: AP Government and a Singapore consortium— Ascendas-Singbridge and Sembcorp Development — establish multi-layered partnership for Amaravati Capital City Start-Up Area Project

August 2017: World Bank joins project to develop inter alia 145 km of public transport corridors by 2050 and 1,000 km of road network by 2050

September 2019: World Bank and Singapore consortium withdraw from the project

January 2020: AP Cabinet drops Amaravati by AP Capital Region Development Authority Repeal Act; also clears Bill to instead establish three capitals

November 2021: AP Assembly clears Bill to repeal both the Acts

SLP in Supreme Court— ongoing

Perils of oil price predictions

It may be better for Indian policymakers to understand what makes oil prices move rather than predict movements in rates

S DINAKAR
26 October

By how much will oil prices move this winter, and in 2023? If one had the key to the chaotic world of oil prices, then she or he would be the most influential and richest astrologer in the world. Even seasoned oil wizards working for some of the world's most storied banks like Goldman Sachs have stumbled. When Brent crude soared to a record $147.50 a barrel in the summer of 2008, Goldman Sachs predicted the world's biggest addiction to touch $200 a barrel — crude oil plunged to $45 a barrel in the winter of 2008.

The perils of predictions were no less evident last month when the bank cut its price forecasts for Brent averaging $100 per barrel in October-December, down from its previous forecast of $130 per barrel. Goldman saw Brent averaging $108 per barrel in 2023, down from a previous $125 per barrel prediction. The downgrade was attributed to a strong dollar and weakening demand. The bank, in September, saw the Organization of Petroleum Exporting Countries (OPEC) maintaining production near current levels for 2022. But OPEC+ did the opposite — it decided to cut output by 2 million barrels a day on October 5.

So it may be better for Indian policymakers to understand what makes oil prices move rather than predict movements in rates — which is what seems to be happening if one goes by the frequent pronouncements made by state oil refiners in the media. But why should India bother about oil prices? India imports more than 85 per cent of its crude, half of its gas, and 60 per cent of the cooking fuel that goes into your vehicles and kitchens, and any uptick in rates reduces the purchasing power of Indian households, something that is called inflation. Alternatively, the government must borrow more to pay state refiners to keep pump prices constant.

India paid $90 billion for crude oil in the April-September period of fiscal 2022-23, 76 per cent higher from a year earlier. The jump in oil expenditure would have been even higher if Russia had not offered oil at a discount while inveigling its way to become one of India's top three oil suppliers. At constant fuel prices, India will spend around $223 billion this fiscal on imported fuels, or over 6 per cent of India's GDP, according to calculations based on oil ministry data.

Goldman still maintains a bullish view on oil because of a structurally bullish supply scenario, which it said has only grown stronger, inevitably requiring much higher prices. What that means is the pandemic, a push towards renewables and the Russian invasion of Ukraine — all occurring at the same time — have led to lack of investment in global upstream, low spare capacity to extract more oil in case of any geopolitical crisis — like terrorist attacks on oil facilities — and, low stocks.

In 2017, Goldman Sachs was forced to issue a note explaining why it got it wrong when predicting oil price movements. OPEC had then cut output to boost prices. That prompted the bank and traders to take long positions on the commodity

Stocks are by far the most important from a near-term horizon because oil prices respond to the volume of oil stored by developed nations. Commercial inventories held in the countries of the Organisation for Economic Co-operation and Development remained a steep 243 million barrels below the five-year average of 2.736 billion barrels, International Energy Agency (IEA) said in its monthly October oil report. They would have been significantly lower had it not been for the release of 185 million barrels of IEA member country government stocks from March through August, IEA said.

Low stocks have also coincided with a massive cut in OPEC+ oil supply, the biggest since the group cut output by 10 million barrels a day in 2020 during the pandemic, heightening the price risk for nations like India because even after taking into account lower demand expectations because of a looming recession, it will sharply reduce a much needed build in oil stocks through the rest of this year and into the first half of 2023, the IEA said.

While global recession and China's quixotic zero Covid policies portend a potential steep fall in prices, this is still seen as unlikely, given not only very low stock levels, an exhausted US strategic reserve, and especially the constrained supply side of the equation, said Tilak Doshi, a Singapore-based international oil expert. Surplus oil production capacity is extremely low (as the CEO of Aramco said recently), and any bullish development of the demand side (such as China coming out of lockdowns for example) would lead to an oil price shock on the upside, Doshi, who has worked for Aramco, added.

History has often served as a poor precedent for how oil prices move. For example, in 2017, Goldman Sachs was forced to issue a note explaining why it got it wrong when it came to predicting oil price movements. OPEC had then cut output to boost prices. That prompted the bank and traders to take long positions on the commodity. But what Goldman failed to realise was that unlike in the past US drillers pumped more from shale reserves as oil prices rose, negating OPEC's supply cut, and sending oil lower. Shale turned the US into the world's biggest oil producer and weakened OPEC's clout in influencing oil prices.

While previous large spikes in oil prices have spurred a strong investment response from non-OPEC producers, this time may be different, the IEA said. US shale producers, traditionally the most responsive to changing market conditions, are struggling with supply chain constraints and cost inflation — and, so far, they are maintaining capital discipline. This casts doubt on suggestions that higher prices will necessarily balance the market through additional supply.

OPEC's current cut also coincided with the US releasing its last instalment of stocks from its strategic reserves, and amid threats of a price cap on Russian oil. Saudi Arabia and Russia ensured that bulldozing price caps on China, India and Turkey, the biggest buyers of Russian oil, will be tougher if supplies are already low, and the US, in an election year, may not risk roiling oil markets further.

"The political predilections of NATO and its US-led policy makers that see 'bleeding Russia' as the ultimate objective is driving energy policies of the West to the detriment of the world economy and the livelihood of billions of people faced with surging fuel, food and fertiliser prices," Doshi said.

সংক্ষেপে

প্লাস্টিকখেকো মাছ 'গিলবার্ট'

থ্রি-ডি রোবট ফিশ 'গিলবার্ট'। প্লাস্টিক-খেকো মাছ। বানিয়ে তাক লাগালেন সারে বিশ্ববিদ্যালয়ের রসায়নের পড়ুয়া এলিয়েনর ম্যাকিনটশ। নানা দিক থেকে গিয়ে পড়ছে জলে। জল দূষিত হচ্ছে। এ-সব কথা সকলেরই জানা। জলকে প্লাস্টিক-মুক্ত রাখার ভাবনা থেকেই গিলবার্ট তৈরি করেছেন ম্যাকিনটশ। ন্যাচারাল রোবোটিক্স প্রতিযোগিতায় মাছটি দেখে সকলেই হতবাক। একেবারে আসল মাছের মতো। বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. রবার্ট সিভলের কথায়, 'জলে-পড়া প্লাস্টিক কোথায় গিয়ে জমছে, তা আমাদের অজানা। আশা করা যায়, এই রোবো ফিশ প্লাস্টিকের কারণে জল দূষণ কমাতে পারবে।'

দলিতের বাড়িতে

বিজেপি-শাসিত রাজ্যে দলিত-নিগ্রহের বিরাম নেই। টাকা নিয়ে ঝামেলার জেরে দলিত মহিলার বাড়ি পোড়াল দুষ্কৃতীরা। মধ্যপ্রদেশের বইরসিয়া থানার দেকপুর গ্রামের ঘটনা। ২৩ অক্টোবর রাতে দুর্বৃত্তরা কওসর বাই আহিরওয়ার নামে মহিলার বাড়িতে আগুন লাগিয়ে দেয়। বাড়িতে ছিল ৫০ হাজার টাকা। তাও পুড়ে খাক। তদন্ত শুরু করছে পুলিশ। ভারতীয় দণ্ডবিধির একাধিক ধারার সঙ্গে তফসিলি জাতি-উপজাতি নিগ্রহ প্রতিরোধ আইনের ৩(২)ভিএ ধারায় মামলা রুজু হয়েছে। সম্প্রতি উচ্চ জাতের লোকজনের সামনে চেয়ারে বসায় এক দলিতকে বেপরোয়া মারধরের অভিযোগ উঠেছিল রাজ্যে।

প্রাণ বাঁচাল অ্যাপল ঘড়ি

মৃত্যু থেকে বাঁচাল অ্যাপল-এর ঘড়ি। ওয়াশিংটনের বাসিন্দা ৪২ বছরের ইয়াং গুক অ্যানের সঙ্গে বিবাহবিচ্ছেদের মামলা চলছে ৫৩ বছরের চে কিয়াং অ্যানের। টাকাকড়ি নিয়ে তাঁদের নিত্য অশান্তি। গত ১৬ অক্টোবর তুমুল ঝগড়া হয় তাঁদের। তার জেরে ছুরি দিয়ে ইয়াংকে ক্ষতবিক্ষত করেন চে কিয়াং। তার পর হাত-পা ডাক্ট টেপ দিয়ে বেঁধে স্ত্রীকে জঙ্গলে নিয়ে গিয়ে জীবন্ত কবর দেন কিয়াং। স্ত্রীর হাতে অ্যাপলের ঘড়িটা খেয়াল করেননি। ঘড়ির সাহায্যে জরুরি পরিষেবার নম্বরে খবর দেন ইয়াং। ঘড়ির টাওয়ার অনুসরণ করে ঘটনাস্থলে পৌঁছে ইয়াংকে উদ্ধার করে পুলিশ।



কুপওয়ারায় জঙ্গি নিকেশ

অনুপ্রবেশের চেষ্টা করতেই সেনার গুলিতে খতম জঙ্গি। উত্তর কাশ্মীরের কুপওয়ারা জেলার তাংধার সেক্টরের কাছে ঘটনাটি ঘটেছে। কুপওয়ারার সুদপুরার কারনাহ তহশিল এলাকা দিয়ে লস্কর-ই-তৈবার একদল জঙ্গি অনুপ্রবেশের চেষ্টায় ছিল। খবর পেয়ে অভিযান চালায় সেনা-পুলিশের যৌথ বাহিনী। মঙ্গলবার রাত পৌনে দুটো নাগাদ নিয়ন্ত্রণরেখার কাছে গুলির লড়াই চলাকালীন এক জঙ্গি পালালেও, নিকেশ হয় মহম্মদ শাকুর নামে ৩২ বছরের এক জঙ্গি। অধিকৃত কাশ্মীরের সৈয়দপুরের বাসিন্দা। ঘটনাস্থল থেকে একে সিরিজের অ্যাসল্ট রাইফেল, দুটি পিস্তল, বিপুল পরিমাণ বিস্ফোরক উদ্ধার হয়েছে।

আর্থিক সুবিধের প্রসঙ্গ এড়ালেন সুনক, সাফাই ব্রেভারম্যানের পক্ষে

সংবাদ সংস্থা

লন্ডন, ২৬ অক্টোবর

প্রথম ক্যাবিনেট বৈঠকে নতুন প্রধানমন্ত্রী ঋষি সুনক। লন্ডনের ডাউনিং স্ট্রিটে, বুধবার। ছবি: এপি

ব্রিটেনের প্রধানমন্ত্রী পদে দায়িত্ব নেওয়ার পর বুধবারই তাঁর নতুন মন্ত্রিসভার সঙ্গে বৈঠক করলেন ঋষি সুনক। তবে মুদ্রাস্ফীতি বাড়লে তার সঙ্গে সঙ্গতি রেখে সাধারণ মানুষের জন্য সুবিধা বাড়ানো হবে কি না, এদিন সে বিষয়ে কোনও কথা দেননি ব্রিটেনের নতুন প্রধানমন্ত্রী। বিরোধীদের সমালোচনা খারিজ করে সরকারি গোপনীয়তা ভাঙার পরেও সুয়েল্লা ব্রেভারম্যানকে স্বরাষ্ট্রমন্ত্রী নিয়োগ করার পক্ষেও সাফাই দিয়েছেন তিনি।

সুনকের নতুন মন্ত্রিসভায় অর্থমন্ত্রী হিসেবে রয়ে গেছেন ট্রাসের আমলের অর্থমন্ত্রী জেরেমি হান্ট। স্বরাষ্ট্রমন্ত্রীর পদে তিনি ফিরিয়ে এনেছেন ভারতীয় বংশোদ্ভূত সুয়েল্লা ব্রেভারম্যানকে। গোপনীয় সরকারি নথি ফাঁস করে পদত্যাগ করেছিলেন ব্রেভারম্যান। এর জেরেই ১০ ডাউনিং স্ট্রিট ছাড়তে হয় ট্রাসকে। যদিও এরপরেও ব্রেভারম্যানকে আগের পদেই বহাল রেখেছেন সুনক। বিদেশমন্ত্রীর পদে রয়ে গেছেন জেমস ক্লেভারলি। ডোমিনিক রাবকে উপ-প্রধানমন্ত্রী ও আইনমন্ত্রী পদে নিয়োগ করেছেন সুনক। সুনক-ঘনিষ্ঠ অলিভার ডাওডেনকে ক্যাবিনেট অফিস বিষয়ক চ্যান্সেলর হিসেবে নিয়োগ করা হয়েছে। ডাওডেন সাবেক সংস্কৃতি বিষয়ক মন্ত্রী ও টোরি পার্টির চেয়ারম্যান। নাদিম জাহাবিকে কনজারভেটিভ পার্টির নতুন চেয়ারম্যান ও অতিরিক্ত মন্ত্রী হিসেবে ঘোষণা করা হয়েছে।

এর আগে লিজ মন্ত্রিসভার ৮ জন সদস্যকে ইস্তফা দেওয়ার নির্দেশ দেন সুনক। তাতে সাড়া দিয়ে পদত্যাগ করেন বাণিজ্যমন্ত্রী জ্যাকব রিস মগ, আইনমন্ত্রী ব্র্যান্ডন লুইস, চিফ হুইপ ওয়েন্ডি মর্টন, শিক্ষামন্ত্রী কিট মল্টহাউজ ও টোরি চেয়ারম্যান জেক বেরি। এছাড়া রয়েছেন ওয়েলস বিষয়ক মন্ত্রী রবার্ট বাকল্যান্ড, পরিবেশমন্ত্রী রনিল জয়াবর্ধনে ও পূর্ত ও ভাতা বিষয়ক মন্ত্রী ক্লোই স্মিথ।

এদিন ক্যাবিনেট বৈঠকের পর দেশের অর্থনৈতিক অবস্থা নিয়ে কোনও বিবৃতি দেননি জেরেমি হান্ট। বিবৃতি দেবেন ১৭ নভেম্বর। মনে করা হচ্ছে এভাবে সুনককে কিছুটা গুছিয়ে নেওয়ার সময় দিলেন হান্ট। তবে ক্যাবিনেট বৈঠকের পরেই প্রধানমন্ত্রীর প্রতি প্রশ্ন বা পিএমকিউ পর্বে বিরোধী লেবার দলের নেতা কির স্টার্মারের মুখোমুখি হন সুনক। তাঁর আগামী বাজেটে মুদ্রাস্ফীতির ধাক্কা সামলানোর জন্য গ্যারান্টি থাকবে কিনা, এপ্রশ্নের স্পষ্ট উত্তর এড়িয়ে গেছেন সুনক। তবে সুয়েল্লা ব্রেভারম্যানকে ফের স্বরাষ্ট্রমন্ত্রী পদে নিয়োগ করায় স্টার্মার জানতে চান, সরকারের গোপনীয় ই-মেল ফাঁস করে দিয়েছিলেন ব্রেভারম্যান। এরপরেই ট্রাস মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেন তিনি। সেই পদত্যাগ সঠিক সিদ্ধান্ত ছিল কিনা জানতে চান স্টার্মার। উত্তরে সুনক বলেন, সিদ্ধান্ত নিতে ভুল করেছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী। এবং সেই ভুল স্বীকারও করে নিয়েছেন।

নোটে লক্ষ্মী-গণেশ: আপের দাবি, চাপে বিজেপি, সরব কং

আজকালের প্রতিবেদন

দিল্লি, ২৬ অক্টোবর

গুজরাট, হিমাচল প্রদেশে ভোট আসন্ন। আর সেই ভোটের আগে 'হিন্দুত্বের তাস' খেলা শুরু করলেন আম আদমি পার্টির নেতা অরবিন্দ কেজরিওয়াল। তিনি এবার দাবি করলেন ভারতীয় টাকায় লক্ষ্মী-গণেশের ছবি ছাপতে হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও কেন্দ্রীয় সরকারের কাছে এই আর্জি জানিয়েছেন তিনি। দু-এক দিনে বিষয়টি নিয়ে প্রধানমন্ত্রীকে চিঠি দেবেন বলেও জানিয়েছেন কেজরিওয়াল। বুধবার এক সাংবাদিক বৈঠকে দেশের অর্থনীতির হাল ফেরাতে নোটে গান্ধীর পাশাপাশি লক্ষ্মী-গণেশের ছবি ছাপার দাবি তুলেছেন তিনি। আপ-প্রধানের দাবি ঘিরে রাজনীতি দেখছেন বিজেপি ও কংগ্রেস নেতারা। কংগ্রেস বলছে, আপ বিজেপির 'বি টিম'। বিজেপি আবার কেজরিওয়ালকে 'পাল্টিবাজ' তকমা সেঁটে দিয়েছে।

টাকায় কেন লক্ষ্মী-গণেশের ছবি, কেজরিওয়ালের বক্তব্য, 'এই দুই দেব-দেবীর কৃপা থাকলেই মানুষ সমৃদ্ধির মুখ দেখতে পারে। যেটা আমাদের অর্থনীতিতে এখন অনুপস্থিত।' একই সঙ্গে দিল্লির মুখ্যমন্ত্রী ইন্দোনেশিয়ার দৃষ্টান্ত হিসেবে তুলে ধরে বলেন, মুসলিম সংখ্যাগরিষ্ঠ ওই দেশে টাকার ওপর গণেশের ছবি ছাপা হয়। আমাদেরও সমৃদ্ধি লাভের জন্য লক্ষ্মী ও গণেশের ছবি ছাপা উচিত। কংগ্রেস নেতারা কেজরিওয়ালের দাবির পিছনে 'হিন্দুত্বের' তাস খেলার চেষ্টা বলে মনে করছেন। অন্য দিকে বিজেপি পড়েছে মহা-ফাঁপরে। হিন্দু ভোটব্যাঙ্ক বাঁচাতে তারা সরাসরি কেজরিওয়ালের প্রস্তাবের বিরোধিতা করতেও পারছে না। বরং তারা আপ নেতাদের কথার যে কোনও মূল্যই নেই, সেটা বোঝানোর চেষ্টা করছে। কেজরিওয়ালকে 'পাল্টিবাজ' তকমা সেঁটে দিতে চাইছে বিজেপি। বিজেপির একাংশ এটা মানছে, কেজরিওয়াল এমন একটি বিষয়ে মুখ খুলেছেন, যা বিজেপির পক্ষে উড়িয়ে দেওয়া কঠিন। আবার তাকে হিন্দু ভোটে ভাগ বসাতেও দেওয়া যায় না। ফলে কেজরিওয়ালের দলের হিন্দুত্বে আন্তরিকতা নিয়ে প্রশ্ন তোলা, সংশয় প্রকাশ করাই পাল্টা অস্ত্র মনে করেছে গেরুয়া শিবির। দলের মুখপাত্র সম্বিত পাত্র এদিন বলেন, পাল্টি খাওয়ার রেকর্ড করেছেন দিল্লির মুখ্যমন্ত্রী। হিন্দু ভোট নিয়ে বিপাকে পড়ে এখন ইউ-টার্ন নিচ্ছেন।

কংগ্রেস নেতা সন্দীপ দীক্ষিত বলেন, কেজরিওয়াল আসলে বিজেপি ও আরএসএসের বি টিম। হিন্দু ভোট পেতে টাকায় দেবতার ছবি ছাপার কথা বলছেন। ওঁর নীতি বা রাজনীতিতে কোনও নির্দিষ্ট অবস্থান নেই। ভোটের জন্য সব করতে পারেন তিনি।

পার্কিং-বচসা, দিল্লিতে খুন

সংবাদ সংস্থা

দিল্লি, ২৬ অক্টোবর

রেস্তোরাঁর বাইরে পার্কিংয়ে গাড়ি রাখা নিয়ে বচসা। আর তার জেরেই হাতাহাতি-মারপিটে প্রাণ গেল বছর ৩৫-এর এক যুবকের। দিল্লির উপকণ্ঠে, গাজিয়াবাদের এই ঘটনার ভয়াবহ ভিডিও ধরা পড়েছে এক পথচারীর ফোনে। ঘটনায় নিহত যুবক, বরুণ স্থানীয় বাসিন্দা। পেশায় ছিলেন দুধ ব্যবসায়ী। বরুণের বাবা, দিল্লি পুলিশের অবসরপ্রাপ্ত কর্মী। এক প্রত্যক্ষদর্শীর বিবরণ অনুযায়ী ঘটনার সময়, রেস্তোরাঁর বাইরে দাঁড়িয়েছিল ওই যুবকের চারচাকা গাড়িটি। অভিযোগ, ওই গাড়িটির জন্য খোলা যাচ্ছিল না পাশের গাড়ির দরজা। সেই ঘিরেই বেধে যায় বচসা। হাতাহাতিতে গুরুতর আহত হন বরুণ। অভিযোগ, মাটিতে ফেলে মারা হচ্ছিল তাঁকে।

ভারতীয়দের ইউক্রেন ছাড়ার পরামর্শ কেন্দ্রের

আজকালের প্রতিবেদন

ইউক্রেনে বসবাসকারী ভারতীয় নাগরিকদের অবিলম্বে ইউক্রেন ছাড়তে বলল ভারত সরকার। এ ছাড়াও যে-কোনও ধরনের সহায়তার জন্য এবং সীমান্তে আসার জন্য যোগাযোগের নম্বরও দেওয়া হয়েছে। 'যেভাবেই হোক' ভারতীয়দের ইউক্রেন ছাড়তে হবে, এই মর্মে এক সপ্তাহের মধ্যে মঙ্গলবার এই নিয়ে দ্বিতীয় বার পরামর্শ দিয়েছে কেন্দ্র। এর আগে কেন্দ্র ইউক্রেনে ভারতীয় নাগরিকদের সতর্ক করেছিল গত ১৯ অক্টোবর। সেদিনও ইউক্রেনের পরিস্থিতি আরও সঙ্কটজনক হওয়ার জেরে ভারতীয় শিক্ষার্থী এবং নাগরিকদের দেশে ফিরে আসার বার্তা দেওয়া হয়।

নতুন পরামর্শে ভারত সরকার জানিয়েছে, গত ১৯ অক্টোবরের নির্দেশিকা অনুযায়ী সব ভারতীয় নাগরিককে অবিলম্বে ইউক্রেন ছাড়ার জন্য পরামর্শ দেওয়া হচ্ছে। বলা হচ্ছে, যেভাবে হোক ইউক্রেন ছাড়ুন। যে-কোনও ধরনের সহায়তার জন্য এবং সীমান্তে আসার জন্য তিনটি ফোন নম্বর দেওয়া হয়েছে কিয়েভের ভারতীয় দূতাবাসের তরফে। নম্বরগুলি হল +৩৮০৯৩৩৫৫৯৯৫৮, +৩৮০৬৩৫৯১৭৮৮১, +৩৮০৬৭৮৭৪৫৯৪৫। এই নম্বরগুলিতে ফোন করলে মিলবে সহায়তা। সীমান্ত পার করার জন্য ভারতীয় দূতাবাসে ফোন করেও সাহায্য চাওয়া যাবে। ইউক্রেনের চারটি অঞ্চল রাশিয়া দখলে নেওয়ার পর সেখানে সামরিক আইন জারি করেছেন রুশ প্রেসিডেন্ট। এই অবস্থায় যুদ্ধ-পরিস্থিতির অবনতির কথা জানিয়ে ভারতীয় নাগরিকদের ইউক্রেন ছাড়ার পরামর্শ দিয়েছে মোদি সরকার।

মিঞা মিউজিয়াম বন্ধ করল অসম সরকার

আজকালের প্রতিবেদন

অসমে মিঞা মিউজিয়াম বন্ধ করে দিয়ে নেতাদের ধরপাকড় চলছে। তাঁদের বিরুদ্ধে আল-কায়া ও আনসারুল বাংলা টিম (এবিটি)-এর সঙ্গে যোগসাজশেরও অভিযোগ তোলা হয়েছে। ইতিমধ্যেই গ্রেপ্তার করা হয়েছে মিঞা পরিষদের সভাপতি মোহর আলি, সাধারণ সম্পাদক আবদুল বতেন শেখ-সহ অন্য নেতাদের। কংগ্রেস এই ঘটনার তীব্র প্রতিবাদ জানিয়েছে। প্রদেশ কংগ্রেস সভাপতি ভূপেন বরার মতে, মিঞারা নিজেদের সংস্কৃতি সংরক্ষণশালা করতেই পারেন। তবে বিজেপি মিঞাদের অস্তিত্বই মানতে নারাজ।

অসমে বাঙালি মুসলিমদের মিঞা বলা হয়। মিঞা বা বাঙালি মুসলিমরা নিজেদের বিপন্ন বলে মনে করছেন। নিজেদের সংস্কৃতির স্মারক হিসাবে লাঙল, টুকরি প্রভৃতি সংরক্ষণের উদ্দেশে গোয়ালপাড়া জেলায় গত রবিবার তাঁরা একটি মিঞা মিউজিয়াম শুরু করেন। কিন্তু মঙ্গলবারই জেলা প্রশাসন মিউজিয়ামটি গুঁড়িয়ে দেয়। প্রশাসনের অভিযোগ, প্রধানমন্ত্রী আবাস যোজনায় মিউজিয়ামের বিল্ডিং গড়ে উঠেছিল। পুলিশের তরফে আল-কায়দা এবং এবিটির সঙ্গে যোগসাজশের অভিযোগে মিঞা পরিষদের নেতাদের ধরপাকড় শুরু হয়েছে। রাজ্যের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মার মতে, লুঙ্গি ছাড়া মিঞাদের আর কোনও সংস্কৃতি নেই।

প্লাজমার বদলে মুসাম্বির রস: গুঁড়িয়ে দেওয়া হবে হাসপাতাল?

সংবাদ সংস্থা

প্রয়াগরাজ, ২৬ অক্টোবর

বিজেপি-শাসিত রাজ্যে বুলডোজার ব্যবহারের বিরাম নেই। উত্তরপ্রদেশের গ্লোবাল হাসপাতাল অ্যান্ড ট্রমা সেন্টারের বিরুদ্ধে ডেঙ্গি রোগীকে প্লাজমার বদলে মুসম্বির রস দেওয়ার অভিযোগ উঠেছে আগেই। এবার বেআইনি নির্মাণের অভিযোগে হাসপাতাল গুঁড়িয়ে দেওয়ার তোড়জোড় চলছে। হাসপাতাল কর্তৃপক্ষকে নোটিস ধরিয়েছেন প্রয়াগরাজ ডেভেলপমেন্ট কর্তৃপক্ষ (পিডিএ)। তিন দিনের ভেতর জবাব চেয়েছে। ২৮ অক্টোবরের মধ্যে খালি করতে হবে হাসপাতাল।

হাসপাতালের বাইরে নোটিস সাঁটিয়ে দেওয়া হয়েছে। পিডিএ-র ওএসজি অভিনব রঞ্জন বলেছেন, সরকারি ছাড়পত্রের তোয়াক্কা করা হয়নি। বেআইনি নির্মাণের কারণ জানতে চাওয়া হয়েছে। নির্ধারিত সময়ে সন্তোষজনক জবাব না মিললে বুলডোজার দিয়ে নির্মাণ গুঁড়িয়ে দেওয়া হবে। এদিকে ওই ডেঙ্গি রোগীর মৃত্যুর পরই ঘটনার তদন্তের নির্দেশ দেন চিফ মেডিক্যাল অফিসার। হাসপাতাল সিল করে দেওয়া হয়। প্লাজমা না মুসম্বির রস, কী ছিল, তা জানতে প্যাকেটটি পরীক্ষা করতে পাঠানো হয়েছে। তদন্ত শুরু হতেই বেশ কিছু গরমিলের প্রমাণ মিলেছে বলে জানিয়েছেন মেডিক্যাল অফিসার। অভিযোগ সত্যি প্রমাণ হলে, হাসপাতালের বিরুদ্ধে কড়া পদক্ষেপের কথা শুনিয়েছেন উত্তরপ্রদেশের উপমুখ্যমন্ত্রী ব্রিজেশ পাঠক। যদিও দায় এড়াতে মরিয়া হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছেন, অ্যাটেনডেন্ট প্লেটলেটের প্যাকেট বদল করেছিলেন।

ধাক্কা সামলাতে আদালতে গুগল

সংবাদ সংস্থা

দিল্লি, ২৬ অক্টোবর

তাদের প্ল্যাটফর্মে কাজ করার জন্য অ্যাপ-ডেভেলপাররা কীভাবে প্রাপ্য অর্থ পাবেন, তা কখনওই ঠিক করে দিতে পারে না গুগল। এত দিন ধরে অন্যায্য সেই নীতি অবলম্বন করায়, ভারতে ৯৩৬ কোটি ৪৪ লক্ষ টাকা জরিমানার সম্মুখীন হতে হয়েছে মার্কিন টেক জায়ান্টকে। কম্পিটিশন কমিশন অফ ইন্ডিয়া বা সিসিআইয়ের করা সেই জরিমানার বিরুদ্ধে এবার দেশীয় কোনও ট্রাইবুনালে আইনি মোকাবিলার পথে হাঁটার কথা ভাবছে গুগল। অন্যদিকে, ক্ষতি সামাল দিতে গুগল ৮ দফা সমাধানের নীতি নিচ্ছে। এর ফলে তারা আগামী ৩ মাসের মধ্যে পরিস্থিতি তাদের অনুকূলে ফেরাতে পারবে বলে বিশ্বাস। মঙ্গলবার ১৯৯ পাতার এক নির্দেশিকায় কমিশন স্পষ্ট জানায়, অ্যাপ ডেভেলপারদের ক্ষেত্রে 'থার্ড পার্টি পেমেন্ট' পরিষেবার সুযোগ দিতে হবে বহুজাতিক এই সংস্থাটিকে। গোটা দেশের প্রায় ৬ কোটি স্মার্ট ফোনের মধ্যে ৯৭%-ই গুগলের অ্যান্ড্রয়েড চালিত। অ্যালফাবেট ইনকর্পোরেটেডের অধীন এই ডিজিটাল জায়ান্ট সংস্থাটি এতদিন নিজেদের বাজার দখলের

থার্ড পার্টি পেমেন্টের সুযোগ দিতে হবে

অনৈতিক সুবিধা নিচ্ছিল। অ্যান্ড্রয়েড-সহ গুগলের বিভিন্ন প্ল্যাটফর্মে, অ্যাপ ডেভেলপারদের প্রাপ্য অর্থ পাওয়ার ক্ষেত্রে কেবলমাত্র তাদেরই পেমেন্ট মাধ্যম ব্যবহারে বাধ্য করা হত। একেই নীতিবিরুদ্ধ বলে ঘোষণা করে জরিমানা করে সিসিআই। এতে ভারতীয় স্টার্ট-আপ সংস্থাগুলির জন্য ব্যবসায় সমান সুযোগের সম্ভাবনা তৈরি হবে বলে মনে করা হচ্ছে।

ভারতে ব্যবসারত সংস্থাগুলির মধ্যে, ন্যায্য প্রতিযোগিতার সুযোগ আছে কিনা তার নজরদারি করে সিসিআই। মনে করা হচ্ছে, তাদের এই নির্দেশিকার ফলে ভারতের মতো বড় বাজারে ক্ষতির সম্মুখীন হতে চলেছে গুগল। ফলে, গুগলের সুনামের ক্ষেত্রেও এই নির্দেশিকার বড় প্রভাব দেখা যেতে পারে। গুগলের পক্ষ থেকে তাদের এক মুখপাত্র মঙ্গলবার জানিয়েছেন, 'কম দামে পরিষেবা প্রদানের মাধ্যমে আমরা কোটি কোটি ভারতীয়র জীবনে পরিবর্তন আনতে সাহায্য করেছি। আমরা আমাদের বিভিন্ন প্ল্যাটফর্মে কর্মরত ডেভেলপারদের স্বার্থ মাথায় রেখেই চলি। গোটা ঘটনার পর্যালোচনা করে পরবর্তী পদক্ষেপ করা হবে।'

উৎসবের পর দিল্লির বাতাসে বিষ বেড়েছে

সংবাদ সংস্থা

দিল্লি, ২৬ অক্টোবর

অবস্থার কোনও উন্নতিই নেই। দূষণের কবলে জেরবার রাজধানী দিল্লি। বাতাসের গুণমাণ অতি খারাপ পর্যায়ে গিয়ে দাঁড়িয়েছে। বাতাসের গুণমানের সূচক অর্থাৎ এয়ার কোয়ালিটি ইনডেক্স (একিউআই) বলছে, দিল্লির বাতাসের গুণমাণ ৩৪৯ হওয়ায় তা অতি খারাপ ক্যাটাগরিতে পৌঁছেছে।

দূষণ ঠেকাতে দীপাবলিতে বাজি বেচাকেনা ও পোড়ানোয় কড়াকড়ি করেছে দিল্লির আপ সরকার। তা সত্ত্বেও দূষণের বহর প্রশাসনের চিন্তা বাড়িয়েছে। সফর-ইন্ডিয়া সংস্থার দেওয়া তথ্য বলছে, সকাল ৬টা পর্যন্ত নয়ডার বাতাসের গুণমান ৩৬০, গুড়গাঁওয়ের ৩১৯, লোধি রোডের ২০৪, জওহরলাল নেহরু স্টেডিয়াম স্টেশন এলাকার বাতাসের গুণমাণ ২৫৭ এবং আরকে পুরম এলাকার ২৮৩। জেনে রাখা দরকার, বাতাসের গুণমান ০ থেকে ৫০ পর্যন্ত থাকলে তাকে ভাল বলেই ধরা হয়। ৫১ থেকে ১০০-র মধ্যে ঘোরাফেরা করলে তা সন্তোষজনক, ১০১ থেকে ২০০ পর্যন্ত মাঝারি, ২০১ থেকে ৩০০ খারাপ এবং ৩০১ থেকে ৪০০ অতি খারাপ, ৪০১ থেকে ৫০০ হলে তা মারাত্মক খারাপ বলা হয়। মানদণ্ডের এই হিসেব জানান দিচ্ছে, দিল্লির বাতাসের গুণমান একেবারেই ভাল নয়। স্পষ্টতই খারাপ।

দিল্লির রাজপথে জল ছিটিয়ে দূষণ নিয়ন্ত্রণের চেষ্টা। ছবি: পিটিআই

দিল্লির বাতাসের গুণমানের উন্নতির জন্য নানা ভাবে চেষ্টা করা হচ্ছে। বাতাসকে দূষণমুক্ত করতে গতকাল রাজধানীর রাজপথে জল ছড়ানো হয়েছে। বিভিন্ন এলাকায় জল ছড়ানোর জন্য কমপক্ষে ১৫০টি ধোঁয়া-নিরোধক কামান ব্যবহার করা হয়। কিন্তু তাতেও অবস্থার তেমন হেরফের হয়নি।